

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
তেজগাঁও শাখা, ১৯১/১, তেজগাঁও-গুলশান লিংক রোড, তেজগাঁও, ঢাকা।

অর্থাধীন আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, তেজগাঁও শাখা এর ঋণগ্রহীতা জনাব মোঃ সিদ্দিকুর রহমান হাওলাদার, পিতা- আব্দুল গনি হাওলাদার, বর্তমান ঠিকানা- বাড়ী নং- ৩৫, রোড নং-০২ (৪র্থ তলা), ব্লক-বি, নিকেতন আবাসিক এলাকা, গুলশান ঢাকা, ব্যবসায়িক ঠিকানা- ১৬, কুনিপাড়া, বাবলী, তেজগাঁও শিল্প এলাকা, থানা- তেজগাঁও শিল্পাঞ্চল, জেলা- ঢাকা কর্তৃক গৃহীত হোম মর্টগেজ লোনের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। এছাড়াও জনাব মোঃ সিদ্দিকুর রহমান হাওলাদার তাহার মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠান মোসার্স আশা প্লাষ্টিক ইন্ডাস্ট্রিজ এর নামে গৃহীত লোনের জামানত হিসাবে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি ব্যাংকের অনুকূলে দায়বদ্ধ রাখিয়াছেন। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৭.০৬.২০১৬ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা যথাক্রমে ৫৮,৫১,১৪৫.৫২ টাকা এবং ১,৩৮,২২,৬৬৮.৯৬ টাকা, অর্থাৎ মোট ১,৯৬,৭৩,৮১৪.৪৮ (এক কোটি ছিয়ানববই লক্ষ ত্রিয়ার্ভর হাজার আটশত চৌদ্দ টাকা আটচল্লিশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

- ১। জেলা-ঢাকা, থানা- তেজগাঁও, ঢাকা কালেক্টরেট তৌজী নং- ৬১, জেএল নং- সিএস-২৭৮, এসএ-৮৯, আরএস-৬, মৌজা- তেজকুনীপাড়া, খতিয়ান নং- সিএস-২১১, ১১৬, এসএ- ৬২১, ৫৫৯, আরএস-৩১৪, ১৮৬, ঢাকা সিটি জরীপ-১৫২৮, দাগ নং- সিএস-৫৬০/৬৬৯, ৪৯২, ৪৯২/৬৬৭, এসএ-১১৫২, আরএস-১৮২৩, ১৮২৪, সিটি জরীপ-৩০২৮, জমির পরিমাণ-৪.৯৫ শতাংশ এবং তদুপরিস্থিত ভবন/স্থাপনা যাহার চৌহদ্দী- উত্তরে- রোজী, দক্ষিণে-হামিদা বেগম, পূর্বে-মোজাম্মেল হক, পশ্চিমে-আঞ্জুম মনোয়ারা বেগম।
- ২। জেলা-ঢাকা, থানা- তেজগাঁও, ঢাকা কালেক্টরেট তৌজী নং- ৬১, জেএল নং- সিএস-২৭৮, এসএ-৮৯, আরএস-৬, মৌজা- তেজকুনীপাড়া, খতিয়ান নং- সিএস-২১১, ১১৬, এসএ- ৬২১, ৫৫৯, আরএস-৩১৪, ১৮৬, ঢাকা সিটি জরীপ-১৫২৮, দাগ নং- সিএস-৫৬০/৬৬৯, ৪৯২, ৪৯২/৬৬৭, এসএ-১১৫২, আরএস-১৮২৩, ১৮২৪, সিটি জরীপ-৩০২৮, জমির পরিমাণ-১.৬৫ শতাংশ এবং তদুপরিস্থিত ভবন/স্থাপনা যাহার চৌহদ্দী- উত্তরে- কামালউদ্দিন, দক্ষিণে-ফরিদউদ্দিন, পূর্বে-রাস্তা, পশ্চিমে-আঞ্জুম মনোয়ারা বেগম।
- ৩। জেলা-ঢাকা, থানা- তেজগাঁও, ঢাকা কালেক্টরেট তৌজী নং- ৬১, জেএল নং- সিএস-২৭৮, এসএ-৮৯, আরএস-৬, মৌজা- তেজকুনীপাড়া, খতিয়ান নং- সিএস-২১১, ২১৫, এসএ- ৮১০, আরএস-৩১৪, ১৮৬, ঢাকা সিটি জরীপ-১৫২৮, দাগ নং- সিএস-৫৬০/৬৬৯, ৪৯০, এসএ- ১১৫২, ১১৫৩, আরএস-১৮২৩, ১৮২৪, সিটি জরীপ-৩০২৮, জমির পরিমাণ-২.৪৭৫ শতাংশ এবং তদুপরিস্থিত ভবন/স্থাপনা যাহার চৌহদ্দী- উত্তরে- শাতেদুল ইসলাম গং- দক্ষিণে-হামিদা বেগম, পূর্বে-নজিবন নেছা, পশ্চিমে-হামিদা বেগম।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ১০.০৮.২০১৬ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, তেজগাঁও শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, তেজগাঁও শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, তেজগাঁও শাখা, ঢাকা।